গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৪- ১৬২ তারিখ : ২১ মার্চ ২০২৪ খ্রি:

**নোটিশ**

মার্চ/২৪ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৭.০৩.২৪ খ্রি: | সকাল ০৪.০০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ২৭.০৩.২৪ খ্রি: | সকাল ০৫.১০ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ২৭.০৩.২৪ খ্রি: | বেলা ০৫.২০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ২৭.০৩.২৪ খ্রি: | বেলা ০৫.৩০ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ২৭.০৩.২৪ খ্রি: | বেলা ০৫.৪০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ২৭.০৩.২৪ খ্রি: | বেলা ০৫.৫০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ২৫.০৩.২০২৪ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২১/০৩/২৪

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা......................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান........................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ..........................................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৫। অফিস কপি।

উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর।

মার্চ/২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: ওবায়দুর রহমান বেলাল<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৪ খ্রি: |
| সময় | : | বিকাল ০৪.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**

**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ী করণ করা হয়। অত:পর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর প্রতিনিধি সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৪ মাসে এ উপজেলায় ৩৯৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে কোভিড-১৯ টিকা গ্রহণকারী ০৫-১১ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের সংখ্যা ১ম ডোজ গ্রহণকারী ৪০,৬০০ জন এবং ২য়ডোজ গ্রহণকারী ৩৮,১৫০ জন। ১২ বছরের উর্দ্ধে কোভিড-১৯ টিকা ১মডোজ গ্রহণকারীর হার ৯২.৩৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯১.৮৩%, ৩য় ডোজ গ্রহণকারীর হার ৫৯.২৪% । এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৪ মাসে তাঁর দপ্তরে<br>ক) ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-১ মৌসুমে প্রাপ্ত ১২০০ জন কৃষকের মাঝে বিনামূল্য পাট বীজ বিতরণ কার্যক্রম চলমান আছে।<br>খ) ২০২৩ -২৪ অর্থবছরে খরিপ-১ মৌসুমে ৩০০ জন কৃষককে আউশ প্রণোদনা দেওয়া হবে। প্রতি কৃষকের ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার পাবেন। উল্লেখ্য প্রণোদনার আউশ ক্লাস্টার আকার (৫ বিঘা/১০বিঘা/২০বিঘা) একই মাঠে চাষ করার বাধ্যবাধকতা রয়েছে।<br>গ) প্রতি বছরই কৃষি প্রণোদনা ও পুর্নবাসনের বরাদ্দ সাপেক্ষে উপকরণ বিতরণ করা হয়। কিন্তু প্রণোদনা পুর্নবাসনের মালামাল রাখার জন্য কোন গুদাম ঘর নেই। বিএডিসির'র যে গুদামে বর্তমানে মালামাল রাখা হয় সেটির অবস্থা খুবই নাজুক। যেকোন সময় ভেঙ্গে পড়ে কৃষকসহ কর্মরত কর্মকর্তা কর্মচারীদের জানমালের ক্ষতি হওয়ার ব্যাপক সম্ভানা রয়েছে। প্রণোদনার মালামাল রাখার নিমিত্তে গুদাম ঘর নিমার্ণ প্রয়োজন।<br>(ঘ) উপজেলা কৃষক প্রশিক্ষণকেন্দ্রে আয়রণমুক্ত পানির ব্যবস্থা করা খুবই জরুরি। এখানে প্রায়শই কৃষক কৃষাণীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। ময়লা আবর্জনা ফেলার জন্য ডাস্টবিন অতীত জরুরী। | গ) কৃষি যন্ত্রপাতি ও উকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য কৃষি প্রশিক্ষণ কেন্দ্রের সামনে এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ের পিছনে অর্থাৎ বাউন্ডারী ভিতরের পশ্চিম পার্শ্বে নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রেয়ারী/২৪ মাসে তাঁর দপ্তরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP) আওতায় মাদারগঞ্জ উপজেলার বালিজুড়ী ইউনিয়নের দক্ষিণ মির্জাপুর গ্রামের সবজিচাষীদের স্বল্প খরচে সবজি উৎপাদের লক্ষ্যে সোলার চালিত সেচ পাম্প স্থাপন INF-2021-22-453958-01 করিয়া ঠিকাদার মেসার্স ইউনুস এন্ড ব্রাদার্স প্রাঃ লিঃ, নাছিরাবাদ, চট্টগ্রাম ১০,০৫,২৪৭/- টাকার চুড়ান্ত বিল দাখিল করিয়াছেন উক্ত বিল হতে ভ্যাট বাবদ ৭৫,৩৯৪/- টাকা আয়কর বাবদ ৩০,১৫৮/-টাকা কতন করিয়া নীট বাবদ ৮,৯৯,৬৯৫.০০ টাকা ঠিকাদারকে বিল পরিশোধ করা প্রয়োজন। বালিজুড়ী ইউনিয়নের দক্ষিণ মির্জাপুর গ্রামের সবজিচাষীদের স্বল্প খরচে সবজি উৎপাদের লক্ষ্যে সোলার চালিত সেচ পাম্পের গুনগত মান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে ঠিকাদারকে বিল প্রধানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হলো এবং বিল প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৪ মাসের তাঁর দপ্তরের ৭৬৫ টি কৃত্রিম প্রজনন ও ৩২৬ টি সংকর জাতের বাছুর উৎপাদন, ২৪৫৯ টি গবাদিপশু ও ১৯০৯৫ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং রাজস্ব আদায় ৯১,০৫৫/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **০৫. উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান ফেব্রুয়ারি/২৪ মাসে ২২ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় জেলেদের বিকল্প কর্মসম্পাদন সৃষ্টির জন্য বরাদ্দ এসেছে , বিতরণের কার্যক্রম চলমান এবং ০১ নভেম্বর ২০২৩ তারিখ হতে ৩০ শে জুন/২০২৪ পর্যন্ত জাটকা ইলিশ বিক্রয় বন্ধ করার লক্ষ্যে এ উপজেলার বিভিন্ন বাজারে ও মৎস্য আড়ত নিয়মিত ভাবে বাজার পরিদর্শন ও তদারকি | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| এছাড়া পরামর্শ সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| **০৬. উপজেলা শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এ উপজেলায় চরগোলাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টে-২০২৩ ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায় খেলায় প্রথম স্থান হয়েছে। জাতীয় পর্যায়ে ২৭.০২.২০২৪ তারিখে বিভাগীয় চ্যাম্পিয়ান বরিশাল এবং ২৮.০২.২৪ তারিখে বিভাগীয় চ্যাম্পিয়ান চট্টগ্রাম এর সাথে খেলবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| **০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর ফেব্রুয়ারি/২৪ মাসে স্থায়ী পদ্ধতি ০৪ জন, আইইউডি ১২ জন, ইমপ্ল্যান্ট ৭০ জন, ইনজেকশান ৫০ জন, ইনজেকশন ০ ভায়েল, খাবারবড়ি সুখী ১২৩৮২ চক্র, ইসিপি ৪৭ জন এবং স্বাভাবিক প্রসব সেবা প্রদান ১৪ জনকে করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এ মাসে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ফেব্রুয়ারি/২৪ মাসে<br>(ক) ক্যান্সার, কিডনীসহ ৬ টি জটিলরোগে আক্রান্ত ১০ জন রোগীর মাঝে আর্থিক অনুদানের চেক বিতরন।<br>(খ) অসহায় ও দুস্ত ব্যক্তিদের মাঝে সমাজকল্যাণ পরিষদ থেকে আর্থিক অনুদানের চেক বিতরণ।<br>(গ) ৩১ জন ঋণ গ্রহীতার মাঝে ৭,২০,৫০০,/- টাকার ক্ষুদ্র ঋণ বিনিয়োগ করা হয়।<br>(ঘ) রোগী কল্যান সমিতির মাধ্যমে অসহায় রোগীদের মাঝে বিনামূল্যে ঔষুধ প্রদান।<br>(চ) লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান<br>(ছ) ভাতাভোগীদেরকে সচেতন করার লক্ষ্যে প্রচারণা কার্যক্রম চলমান। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৪ মাসে তাঁর দপ্তরে চলতি ঋণ আদায় ৫,২৯,০০০/-বিতরণ ৬,৭০,০০০ টাকা, খেলাপী ঋণ আদায় ৩০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ৭৮,০০০/- টাকা। বিআরডিবি'র আওতাধীন ২০১০ সালের পূর্বেগৃহীত ঋণের সুদ মওকুফ সংক্রান্ত (আসলের সাথে ০১ বছরের সুদ পরিশোধ করতে হবে ) সময়সীমা ২০২৪ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এ উপজেলায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৪ মাসে বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লি: চরভাটিয়ানী গ্রামে<br>ক) ঋণ আদায়ের পরিমাণ ৬,৭১,৩০০ টাকা, সার্ভিস চার্জ আদায়ের পরিমাণ ৪১,৩০০ টাকা ও ঋণ আদায়ের হার ১০০% ।<br>খ) নারী উন্নয়নে প্রকল্পে চলতি ঋণ আদায় ৬,০০,০০০ টাকা এবং ঋণ বিতরণের পরিমাণ ৬,০০,০০০ টাকা।<br>এছাড়া এ উপজেলায় বিভিন্ন সমবায় সমিতির গ্রাহকের তালিকা সংগ্রহের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে ফেব্রুয়ারি/২৪ মাসে<br>(ক)ভিডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য ডি.ও প্রদান করা হয়েছে। ভিডব্লিউবি সুবিধাভোগীদের খাদ্য সহায়তা OTP' র (One Time passward) মাধ্যমে প্রদান করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা রয়েছে।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের জানুয়ারি/২৪ হতে মার্চ/২০২৪ ৩য় ব্যাচের প্রশিক্ষণের কার্যক্রম চলমান। যা ৩১/০৩/২০২৪ ইং তারিখে সমাপ্ত হবে। ৪র্থ ব্যাচে এপ্রিল/২৪ হতে জুন/২৪ পর্যন্ত প্রশিক্ষনার্থী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>(গ)মা ও শিশু সহায়তা কর্মসূচি: উক্ত কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের জুলাই/২৩ | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | |
|---|---|---|
| ...নু/২৪ পর্যন্ত ভাতাভোগী নির্বাচন করার লক্ষ্যে জানুয়ারি/২৪ মাস পর্যন্ত ০৭ টি ...নিয়ন ও পৌরসভায় (এমআইএস) অন লাইনে ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। ফেব্রুয়ারি/২০২৪ মাসে অনলাইনে আবেদন চলমান রয়েছে।<br>(ঘ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| **১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৪ মাসে এ উপজেলায় 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহে' প্রকল্পের অধিনে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের অধিনে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ওয়াসব্লক ও নলকূপ স্থাপনের কাজ চলমান এবং মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের অধিনে কমিউনিটি টয়লেট, পাবলিক টয়লেট ও কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |
| **১৬. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অর্থনৈতিক শুমারি/২০২৩ এর গণনাকারী ও সুপারভাইজার নিয়োগের জন্য যাচাই-বাছাই সম্পন্ন করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৭. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ফেব্রুয়ারি/২৪ মাসে তাঁর দপ্তরে ওএমএস এবং খাদ্য বান্ধব কর্মসূচির ডিলারের মাধ্যমে ইউনিয়ন অনুযায়ী টিসিবি ডিলারের নিকট চাল বিতরণ করা হবে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৮. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এ মাসে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি, কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২০. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের ফেব্রুয়ারি/২৪ মাসে ঋণবিতরণ ৬০.০০ লক্ষ টাকা, আদায় ৬৬.০০ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৫%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২১. উপজেলা বন বিভাগ:**<br>ফরেস্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে,২০২৩-২৪ অর্থ বছরে এ উপজেলা নার্সারীতে ২৫০০ টি বিভিন্ন প্রজাতির চারা রোপন করার কাজ চলমান রয়েছে। লাইসেন্স বিহীন করাত কলের মালিকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৪ মাসে তাঁর দপ্তরে ঋণ বিতরণ ৬২.৫০ লক্ষ টাকা, ঋণ আদায় ৬৭.৩০ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় ৫.২৩ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৪ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৪. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৫. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ক) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের শিক্ষক ও কেয়ার টেকারকে নিয়ে মাসিক সমন্বয় সভা করার নিমিত্ত আসন সংকটের কারণে ১০০ টি চেয়ার বরাদ্দের জন্য অনুরোধ জানান।<br>খ) মাদারগঞ্জ উপজেলা মডেল মসজিদের বিদ্যুৎবিল পরিশোদ ,একটি নলকূপ ব্যবস্থা এবং বিদ্যুৎতের বিকল্প ব্যবস্থা করার জন্য সৌরবিদ্যুৎতের জন্য দাবী জানান।<br>গ) তার দপ্তরের সকল কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |
| **২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জুলাই/২০২৩ মাসে আগামী অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প নির্বাচন গ্রহণ এবং দ্রুত সময়ের মধ্যে সভার রেজুলেশন জমাসহ স্ব স্ব কার্যালয়ে ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সকলকে অনুরোধ করেন। | অতি দ্রুত স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ভাইস চেয়ারম্যানদের নিকট জমা ও ওয়েব পোর্টালে আপলোডের সিদ্ধান্ত হয়। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি) |

উপজেলা পরিষদ রাজস্ব তহবিল সংক্রান্ত :

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর বলেন রাজস্ব তহবিলের ফেব্রুয়ারি/২৪ ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ফেব্রুয়ারি/২৪ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ১,৬৪,৬৫০/- (এক লক্ষ চৌষট্টি হাজার ছয়শত পঞ্চাশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা। |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি | ৯৪,০০০ |
| সুইপারের বেতন | ১২,৬৫০ |
| পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ | ৮০০০ |
| অফিস সরঞ্জামাদি ক্রয় | ৫০,০০০ |

অত:পর আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.০৬.২০২৪

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৪-

তারিখ ঃ ২৭ মার্চ. ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, ১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার,জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলাভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৭। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . ..................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৮। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৯। অফিস কপি।

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

মার্চ/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার হাজিরা

তাং: ২৭/০৩/২৪ খ্রিঃ

| ক্রঃ নং | নাম ও পদবী (জনপ্রতিনিধি) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ। | [illegible] |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ। | |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ। | |
| ০৪ | মেয়র, মাদারগঞ্জ, পৌরসভা, মাদারগঞ্জ। | |
| ০৫ | চেয়ারম্যান, ১নং চরপাকেরদহ, মাদারগঞ্জ। | [illegible] |
| ০৬ | চেয়ারম্যান, ২নং কড়ইচড়া, মাদারগঞ্জ। | [illegible] |
| ০৭ | চেয়ারম্যান, ৩নং গুনারীতলা, মাদারগঞ্জ। | [illegible] |
| ০৮ | চেয়ারম্যান, ৪নং বালিজুড়ী, মাদারগঞ্জ। | |
| ০৯ | চেয়ারম্যান, ৫নং জোড়খালী, মাদারগঞ্জ। | |
| ১০ | চেয়ারম্যান, ৬নং আদারভিটা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১১ | চেয়ারম্যান, ৭নং সিধুলী, মাদারগঞ্জ। | |
| ১২ | জনাব মোছাঃ শিরিনা পারভীন, সদস্য ১নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ; | [illegible] |
| ১৩ | জনাব মোছাঃ [illegible] বেগম, সদস্য ৩নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৪ | জনাব বাবু অরুন কুমার আগরওয়াল, চেয়ারম্যান ইউসিসিএ লিঃ মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ১৫ | আহ্বায়ক, মুক্তিযোদ্ধা সংসদ, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৬ | সভাপতি/সম্পাদক, মাদারগঞ্জ প্রেসক্লাব। | [illegible] |
| ১৭ | সভাপতি/সম্পাদক, মাদারগঞ্জ উপজেলা প্রেস ক্লাব, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |

| ক্রঃ নং | নাম ও পদবী (দপ্তর প্রধান) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। | ✓ আহামদ |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। | [illegible] |
| ০৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। | [illegible] |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৪ | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৭ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [illegible] |
| ১৮ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। | |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ২০ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা। | [illegible] |
| ২১ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। | |
| ২২ | উপজেলা [illegible], মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] ২৭/০৩/২০২৪ |
| ২৩ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, [illegible] | [illegible] |
| ২৪ | [illegible], মাদারগঞ্জ। | [illegible] |
| ২৫ | তথ্যসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] ২৭/০৩/২৪ |
| ২৬ | [illegible], ইসলামিক ফাউন্ডেশন | |
| ২৭ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মাদারগঞ্জ। | |
| ২৮ | সভাপতি, ইমাম সমিতি, মাদারগঞ্জ। | |
| ২৯ | উপজেলা [illegible] | [illegible] |
| ৩০ | উপজেলা সমন্বয়কারী [illegible] কার্যালয় | [illegible] |